১

ভোরের কাগজ

64

তারিখ ... OCT 25 1999
পৃষ্ঠা ৫ কলাম ১

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

## বাংলাদেশ সচিবালয়, ঢাকা

তারিখ : ১৯/১০/৯৯

নং শাঃ ১৩/১-১ (পাক)/৯৯/৭৫৫

**বিষয় : কারিগরী সহযোগিতা কর্মসূচীর আওতায় পাকিস্তানে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

পাকিস্তান সরকারের কারিগরী সহযোগিতা কর্মসূচীর আওতায় ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে পাকিস্তানের শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক পর্যায়ে নিম্নোক্ত বিষয়ে অধ্যয়নে আগ্রহী বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক) প্রকৌশল (খ) চিকিৎসা বিজ্ঞান (গ) ফার্মেসী।

২। প্রতিটি বিষয়ে আসন সংখ্যা ২ (দুই)টি এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের যোগফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। একজন প্রার্থী মাত্র একটি বিষয়ে আবেদন করতে পারবেন। একাধিক বিষয়ে আবেদন করলে সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন করার ন্যূনতম যোগ্যতা নিম্নরূপ :

ক) মেডিকেল/বি-ফার্মেসী : এসএসসি এবং এইচএসসিতে প্রথম বিভাগ থাকতে হবে। এইচএসসি (জীব বিজ্ঞান) অথবা সমপর্যায়ে শিক্ষাগত যোগ্যতাসহ জীববিজ্ঞান, রসায়ন এবং পদার্থ বিদ্যায় ৬০% নম্বর প্রাপ্ত হতে হবে।

খ) বিএসসি ইঞ্জিনিয়ারিং : এসএসসি এবং এইচএসসিতে প্রথম বিভাগ থাকতে হবে। এইচএসসি (প্রকৌশল শাখা) অথবা সমপর্যায়ের শিক্ষাগত যোগ্যতাসহ গণিত, পদার্থ বিদ্যা এবং রসায়নে ৬০% নম্বর প্রাপ্ত হতে হবে।

৩। এই কর্মসূচীর আওতায় প্রার্থীদেরকে নিজ খরচে পাকিস্তান যেতে হবে এবং অধ্যয়ন করতে হবে।

৪। সদ্য তোলা পাসপোর্ট আকারের ১ (এক) কপি সত্যায়িত ছবি, মূল সার্টিফিকেট ও মার্কসিটের সত্যায়িত অনুলিপিসহ নির্ধারিত ছকে আবেদন করতে হবে।

৫। আবেদনের ছক নিম্নরূপ হবে :

### পাকিস্তান কারিগরী সহযোগিতা কর্মসূচীর আওতায় অধ্যয়নের আবেদন : প্রার্থিত বিষয় :

ক) প্রার্থীর নাম :
খ) পিতার নাম :
গ) বর্তমান ঠিকানা (টেলিগ্রাম অফিসসহ এবং টেলিফোন যদি থাকে) :
ঘ) স্থায়ী ঠিকানা :
ঙ) জন্ম তারিখ ও ১-১০-৯৯ তারিখে বয়স :
চ) চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে বর্তমান পদবী ও যোগদানের তারিখসহ প্রতিষ্ঠানের নাম :
ছ) অন্য কোন বৃত্তির জন্য প্রাথমিকভাবে/চূড়ান্তভাবে নির্বাচিত হলে তার বিবরণ :
জ) সকল পরীক্ষার ফলাফল :

| পরীক্ষার নাম | পাসের বছর | বিভাগ | প্রাপ্ত মোট নম্বর |
|---|---|---|---|
| | | | |
| | | | |

এসএসসি ও এইচএসসি পরীক্ষার প্রাপ্ত নম্বরের যোগফল =

ঝ) এইচএসসি পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত নম্বর :

| পদার্থ বিদ্যা | রসায়ন | গণিত প্রকৌশল বিষয়ের জন্য | জীববিদ্যা ফার্মেসী চিকিৎসা বিষয়ের জন্য | তিন বিষয়ের গড় নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

ঞ) অঙ্গীকার : আমি অঙ্গীকার করছি যে, উপরের কোর্সে ভর্তির সুযোগ পেলে আমি অবশ্যই পাকিস্তান গমন করবো ও উক্ত কোর্সে পড়াশুনা করবো।

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর

৬। আবেদনপত্র ডাকাযোগে নিম্ন স্বাক্ষরকারীর ঠিকানায় ৩১-১০-৯৯ তারিখের মধ্যে পৌছাতে হবে। আবেদনপত্র বড় আকারের খামে দাখিল করতে হবে এবং খামের উপরে "প্রার্থিত বিষয় এবং "এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফল" স্পষ্টভাবে বড় অক্ষরে লিখতে হবে।

৭। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মেধা তালিকা ৭-১১-৯৯ তারিখ সকালে শিক্ষা মন্ত্রণালয়ের বৃত্তি শাখায় এবং সচিবালয়ের ১নং গেটে ঝুলিয়ে দেয়া হবে এবং ঐদিনই মেধাক্রমানুসারে প্রতি বিষয়ে মোট ২ (দুই) জন প্রার্থীকে নির্ধারিত ফর্ম সরবরাহ করা হবে। প্রার্থীদেরকে ১০-১১-৯৯ তারিখ বিকাল ৩-০০টার মধ্যে ফর্ম পূরণ করে কাগজপত্রসহ জমা দিতে হবে। প্রার্থীদেরকে কোন পত্র দেয়া হবে না। ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে ফলাফল জানতে হবে। যথাসময়ে ফর্ম জমা দেয়ার স্বার্থে প্রার্থীদেরকে চার কপি সনদপত্র ও মার্কসিট, (পররাষ্ট্রমন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত) এবং ৪ কপি ছবি প্রস্তুত রাখার জন্য পরামর্শ দেয়া হল।

৮। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীর পিতা/আইনানুগ অভিভাবককে এই মর্মে একটি এফিডেভিট (১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অথবা নোটারী পাবলিক-এর সম্মুখে প্রদত্ত) মন্ত্রণালয়ে দাখিল করতে হবে যে, চূড়ান্তভাবে নির্বাচিত হলে প্রার্থী পাকিস্তান যাবেন এবং তার খরচ বহন করা হবে। চূড়ান্তভাবে মনোনীত হবার পর কোন প্রার্থী ভর্তি না হলে তিনি ভবিষ্যতে বৈদেশিক বৃত্তির সুযোগ থেকে এবং সরকারী সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হবেন।

৯। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অন্য কোন বৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

মোঃ মনজুরুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৮৬৫০৩২

ডিএফপি-২৩৪৬৭-২১/১০/৯৯ (৯"x৩)
এস-১২০/৯৯